# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ২. ৪. পিতরের উলঙ্গতা

শিষ্য শিমোন ‘পিতর’ ও ‘কৈফা’ উপাধিতে অধিক পরিচিত। যীশু তাকে প্রধান প্রেরিত বলে ঘোষণা দিয়ে বলেন: “আর আমিও তোমাকে বলছি, তুমি পিতর, আর এই পাথরের উপরে আমি আপন মন্ডলী গাঁথবো, আর পাতালের (নরকের) ফটকগুলো তার বিপক্ষে প্রবল হবে না। আমি তোমাকে বেহেশতী রাজ্যের চাবিগুলো দেব; আর তুমি দুনিয়াতে যা কিছু বাঁধবে, তা বেহেশতে বেঁধে রাখা হবে, এবং দুনিয়াতে যা কিছু মুক্ত করবে, তাহা বেহেশতে মুক্ত হবে।” (মথি ১৬/১৮-১৯, মো.-১৩)

এ মহান ভাববাদী ও প্রধান সাহাবী অন্যান্য সাহাবীর সামনেই উলঙ্গ হয়ে থাকতেন। মৃত্যু থেকে যীশুর পুনরুত্থানের পরে শিষ্যদের সাথে সাক্ষাৎ প্রসঙ্গে যোহন লেখেছেন (২১/৭) “অতএব, যীশু যাহাকে প্রেম করিতেন, সেই শিষ্য পিতরকে বলিলেন, উনি প্রভু। তাহাতে ‘উনি প্রভু’ এই কথা শুনিয়া শিমোন পিতর দেহে কাপড় জড়াইলেন, কেননা তিনি উলঙ্গ (naked) ছিলেন, এবং সমুদ্রে ঝাঁপ দিলেন।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=14391

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন